



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
পরিবারের সকলের জন্য
খোলা চিঠি

Email: vcbou@bou.edu.bd

সম্মানিত শিক্ষক, সুপ্রিয় কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং স্নেহের শিক্ষার্থীগণ,

পবিত্র রমজানে আপনাদের সবাইকে জানাচ্ছি আমার সালাম ও শুভেচ্ছা। বিশ্বব্যাপী কোভিড-১৯ ভাইরাসের ভয়াবহ তাণ্ডবে আমরা মানবিক অভিঘাতে বিপর্যস্ত। এ থেকে পরিত্রাণের লক্ষ্যে সরকারের সুচিন্তিত প্রচেষ্টা ও সামাজিক উদ্যোগ বাস্তবায়নে দেশবাসী সকলেই সচেষ্ট। চলমান বিপর্যস্ত সময়ে বিশ্ববিদ্যালয় পরিবারের সকলের সুরক্ষা দেবার অভিপ্রায়ে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের মতোই আমাদের বিশ্ববিদ্যালয় এখন বন্ধ রয়েছে। আমরা পরস্পর থেকে দূরে থাকলেও প্রযুক্তি আমাদের নৈকট্য দিয়েছে। সেই সুবিধায় আমি আপনাদের সাথে সবসময় সংযুক্ত রয়েছি। মূল ক্যাম্পাসে ও সকল অফিসে সুরক্ষা ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে। জরুরি দায়িত্বে নিয়োজিত সবাইকে এ কাজে সহযোগিতার জন্য জানাচ্ছি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

প্রিয় শিক্ষার্থী ভাই ও বোনেরা, সংকটকালীন এই সময়ে তোমাদের সাথে সহমর্মিতা প্রকাশ করছি। তোমাদের শিক্ষাজীবন যাতে বিলম্বিত, বিঘ্নিত না হয় সে জন্য আমরা সজাগ রয়েছি। বিশ্ববিদ্যালয় খোলার সাথে সাথেই দ্রুততম সময়ে টিউটোরিয়াল সার্ভিস, পরীক্ষা গ্রহণ, স্বল্পসময়ে ফল প্রকাশ, পাঠ্যবই বিতরণ নিশ্চিত করাসহ ই-বুক সুবিধা আরো বিস্তৃত করা হবে। প্রিয় শিক্ষার্থীবৃন্দ, তোমরা এই সময়টাতে নিজের সুরক্ষা বজায় রেখে পাঠে বেশি করে মনোনিবেশ করতে পারো। তোমরা জেনে খুশি হবে যে, এসএসসি পরীক্ষার ফল দ্রুত প্রকাশের জন্য তোমাদের শ্রদ্ধেয় শিক্ষক-পরীক্ষকগণ ও পরীক্ষা বিভাগের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ লাগাতার ক্যাম্পাস লকডাউন ও ভয়াবহ করোনার ভীতির মধ্যে থেকেও নিরলস কাজ করে যাচ্ছেন।

সম্মানিত শিক্ষকবৃন্দ, আপনারাই শিক্ষার্থীদের সবচেয়ে কাছের জন। প্রযুক্তিতে সংযুক্ত থেকে বিশ্ববিদ্যালয়ের ৬ লাখ শিক্ষার্থীর পাশে থাকুন। নিজস্ব ব্যবস্থাপনায় ডিজিট্যালি শিক্ষাসেবার মাঝে পাঠ বিস্তরণে আপনাদের সৃজনী মেধায় শিক্ষার্থীদেরকে সংযুক্ত রাখুন। 'জুম' সফটওয়্যার, 'গুগল মিট' ও নিজস্ব ই-প্র্যাটফর্মসহ বিভিন্ন সোশ্যাল মিডিয়া ব্যবহার করে আমাদের ফুলটাইম শিক্ষকগণ ও কয়েকজন রিসোর্স পারসন মাস্টার্স প্রোগ্রামে ক্লাস নিচ্ছেন। স্নাতক সম্মান পর্যায়ে ক্লাস নেওয়ার জন্য প্রস্তুতি চলছে। সবাই এ কষ্টকর সময়ে আপনাদের মূল্যবান সময় সৃষ্টিশীল কাজে ব্যবহার করছেন বিধায় আপনাদের প্রতি থাকলো অসীম কৃতজ্ঞতা।

অভিজ্ঞ কর্মকর্তাগণ বিভাগীয় পরিচালকদের সঙ্গে যোগাযোগ রেখে নিজ নিজ দায়িত্ব অনলাইনে সীমিতভাবে হলেও পালনের উদ্যোগী হলে এই সংকটে বিশ্ববিদ্যালয়ে স্থবির অবস্থার সৃষ্টি হবে না। সকল কর্মচারীদের নিজ কাজে অফিস প্রধানের সংগে দূর থেকে যোগাযোগ রেখে প্রয়োজনীয় সহযোগিতা করতে অনুরোধ করছি।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিবারের ৬ লাখ শিক্ষার্থী, ২৯ হাজার টিউটর, প্রায় ১৭০০ স্টাডি সেন্টারের সহায়ক স্টাফ, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং তাদের পরিবারের সদস্যগণসহ প্রায় ২৫ লাখের অধিক প্রিয়জন সকলের সুস্বাস্থ্য ও সুরক্ষা আন্তরিকভাবে কামনা করছি।

পরিশেষে, সম্মানিত প্রো-উপাচার্য ও ট্রেজারার, বোর্ড অব গভর্নরস্, ফিন্যান্স কমিটি, একাডেমিক কাউন্সিল এবং সকল বিধিবদ্ধ কমিটির সম্মানিত সদস্যবৃন্দসহ সুবৃহৎ বাউবি পরিবারের সকলকে পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা জানাচ্ছি। বাউবি পরিবারের সবাই ভালো থাকুন, পরিবার-পরিজন নিয়ে নিরাপদ থাকুন, এ প্রত্যাশা নিয়ে সবাইকে ঈদ মubারক।

অধ্যাপক ড. এম এ মাননান

উপাচার্য, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২৭, ২১ মে, ২০২০
গাজীপুর-১৭০৫